

## সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয় : তৈরি পোশাক শিল্প কারখানাসমূহে ফুয়েল কার্ড সংগ্রহে তথ্যাবলি প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমানে ইরান-যুক্তরাষ্ট্র-ইসরাইল যুদ্ধ ও অন্যান্য বৈশ্বিক বৈরিতার পরিপ্রেক্ষিতে জ্বালানি সংক্রান্ত যে অচলাবস্থা সৃষ্টি হচ্ছে তার প্রেক্ষিতে চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহ পাওয়া যাচ্ছে না। বর্তমানে বিশ্বব্যাপী জ্বালানি সংকটের প্রেক্ষিতে বাংলাদেশের তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানগুলো তীব্র জ্বালানি সংকটের সম্মুখীন হচ্ছে। এই সংকট মোকাবেলায় এবং শিল্প উৎপাদন সচল রাখার লক্ষ্যে বিজিএমইএ পরিচালনা পর্ষদ অদ্য ১৩ এপ্রিল ২০২৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিব মহোদয়ের সাথে বিজিএমইএ'র সভাপতিসহ সাক্ষাৎ করে কর্মপরিকল্পনা প্রনয়ণ করেছেন। উক্ত আলোচনার প্রেক্ষিতে এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে শিল্প উৎপাদন সচল রাখার লক্ষ্যে প্রতিষ্ঠানের পক্ষে জ্বালানি সংগ্রহকারী সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি এবং ছবিসহ নিম্নোক্ত লিঙ্ক এর মাধ্যমে বিজিএমইএ-তে জরুরী ভিত্তিতে আগামী ১৯/০৪/২০২৬ তারিখের মধ্যে ফুয়েল কার্ড সংগ্রহে তথ্যাবলি প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

যারা ইতিমধ্যে জেনারেটরের Specification ও ডিজেলের চাহিদা উল্লেখ করে বিজিএমইএ-কে অবহিত করেছেন তারা শুধু মাত্র জ্বালানি সংগ্রহকারী কর্মকর্তা/কর্মচারীর তথ্য ও ছবি সরবরাহ করিবেন।

সংযুক্তিঃ ফুয়েল কার্ড এর নমুনা ছক নিম্নোক্ত লিঙ্ক এ প্রবেশ করে পূরণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

<https://forms.gle/xbATufSVbKtT98Uw7>

ধন্যবাদান্তে,

*Handwritten signature and date: 13/4/26*

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)

সচিব (ভারপ্রাপ্ত)

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •